

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৯২

- ٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (كِتَابُ الرَّقَائِق)
- পরিচ্ছেদঃ আল্লাহর নিকট সূরা ফালাকের চেয়ে উত্তম আর কিছু মানুষ পাঠ করতে পারে না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْقَارِئَ لَا يَقْرَأُ شَيْئًا أَبْلَغَ لَهُ عِنْدَ اللَّهِ جَلَّ وَعَلَا مِنْ قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَق

আরবী

792 _ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ، حَدَّتَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، حَدَّتَنَا لَيْثُ بْنُ سَعْدٍ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ أَسْلَمَ أَبِي عِمْرَانَ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، قَالَ: تَبِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا وَهُوَ رَاكِبُ، فَوَضَعْتُ يَدِي عَلَى يَدِهِ، فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، وَسَلَّمَ يَوْمًا وَهُو رَاكِبُ، فَوَضَعْتُ يَدِي عَلَى يَدِهِ، فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، أَقْرَبْنِي مِنْ سُورَةِ هُودٍ وَمِنْ سُورَةٍ يُوسُفَ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّكَ لَنْ تَقْرَأَ شَيْئًا أَبْلَغَ عِنْدَ اللَّهِ مِنْ قُلْ أَعُوذُ برَبِ الْفَلَق»

الراوي: أنس بن مَالِكِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 792 ا خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৭৯২. 'উকবাহ বিন 'আমির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একদিন আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পিছু চললাম, এসময় তিনি বাহনে আরোহী ছিলেন। অতঃপর আমার হাত তাঁর হাতের উপর রাখলাম এবং বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে সূরা হূদ ও ইউসুফ শিক্ষা দিন।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি এমন কোন কিছু কখনই পড়তে পারবে না, যা আল্লাহর কাছে قُلُ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ (বলুন, আমি আশ্রয় চাই উষার প্রভুর কাছে।) (সূরা ফালাক: ১।) এর চেয়ে শ্রেষ্ঠ হতে পারে [1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৫৮; নাসাঈ: ২/১৫৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২১৩; দারেমী: ২/৪৬১; হাকিম: ২/৫৪০; আত তাবারানী: ১৭/২৮৬; সহীহ মুসলিম: ৮১৪; তিরমিযী: ২৯০২; সুনান বাইহাকী: ২/৩৯৪; আবূ দাউদ: ১৪৬২।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/২২৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন